

## ভিসা ওয়েভার প্রোগ্রামের আওতাভুক্ত দেশগুলোর জন্য বায়োমেট্রিক পাসপোর্ট চালুর সময়সীমা আরো এক বছর বৃদ্ধি

ওয়াশিংটন, আগস্ট ১১-- ভিসা ওয়েভার প্রোগ্রাম (ভিডারিউপি) এর আওতাধীন দেশসমূহের পাসপোর্টে বায়োমেট্রিক পদ্ধতি সংযোজনের সময়সীমা আরো এক বছর বাড়ানোর জন্য প্রেসিডেন্ট বুশ আগস্ট মাসের ৯ তারিখে এইচ আর ৪৪১৭ স্বাক্ষর করেছেন। ২০০৪ সালের ১৪ই জুন প্রতিনিধি পরিষদ এবং একই বছরের ২২শে জুলাই সিনেট কর্তৃক এইচ আর ৪৪১৭ অনুমোদিত হয়।

২০০২ সালে পাশ হওয়া এনহ্যান্সড বর্ডার সিকিউরিটি এন্ড ভিসা এন্ট্রি রিফর্ম অ্যাক্টে ভিসা ওয়েভার ভ্রমণকারীদের পাসপোর্টে বায়োমেট্রিক পদ্ধতি সংযোজনের বিষয়টি বাধ্যতামূলক করা হয়। এইচ আর ৪৪১৭ পাশ হওয়া এবং প্রেসিডেন্ট কর্তৃক তা স্বাক্ষরিত হওয়ায় ২০০৫ সালের ২৬শে অক্টোবরের মধ্যে বায়োমেট্রিক পদ্ধতি সম্বলিত নতুন পাসপোর্ট ইস্যু করতে হবে। আন্তর্জাতিক ভ্রমণের ক্ষেত্রে সম্ভাব্য বিশৃঙ্খলা এড়াতে এবং আন্তর্জাতিক সম্প্রদায় যাতে আরো নিরাপদ ও বায়োমেট্রিক পদ্ধতি সম্বলিত পাসপোর্ট তৈরি করার জন্য পর্যাপ্ত সময় পায় সেজন্যই এই সময়সীমা বাড়ানো হয়েছে। ২০০২ সালে পাশ হওয়া আইন অনুযায়ী এ বছরের ২৬শে অক্টোবরের মধ্যে যুক্তরাষ্ট্রে ভিসা ওয়েভার ভ্রমণের জন্য এই কর্মসূচীর আওতাভুক্ত দেশসমূহকে বায়োমেট্রিক পদ্ধতি সম্বলিত পাসপোর্ট তৈরি করার কথা বলা হয়েছিলো।

এই সময় বাড়ানোর ফলে নিরাপত্তা ব্যবস্থা যাতে বিঘ্নিত না হয় সেজন্য হোমল্যান্ড সিকিউরিটি দফতর আগামী ৩০শে সেপ্টেম্বর থেকে ভিসা ওয়েভার প্রোগ্রামের অধীন ভ্রমণকারীদেরকে যুক্তরাষ্ট্রের সকল বিমান ও সমুদ্র বন্দরে ইউ.এস. ভিজিটর এন্ড ইমিগ্রেশন স্ট্যাটাস ইন্ডিকেটর টেকনোলজি (ইউ.এস.ভিজিট) কর্মসূচীতে অর্ন্তভুক্তি শুরু করবে। যুক্তরাষ্ট্রে বৈধ ভ্রমণ ব্যাহত না করে সীমান্ত নিরাপত্তা বৃদ্ধির জন্য আন্তর্জাতিক তৎপরতা চালিয়ে যাওয়ার জন্যই ইউ.এস.ভিজিট কর্মসূচীতে এইসব ভ্রমণকারীদের অর্ন্তভুক্ত করা হবে। ইউ.এস.ভিজিট পদ্ধতি এমন একটি দ্রুত ও সহজ প্রক্রিয়া যার মাধ্যমে ভ্রমণকারীদের পরিচয় সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য ডিজিটাল পদ্ধতিতে তাদের আঙ্গুলের ছাপ নেয়া হবে।

ভিসা ওয়েভার প্রোগ্রামের আওতায় যারা ভ্রমণ করবেন তাদের জন্য আগামী ২৬শে অক্টোবর থেকে আরো একটি নতুন বিষয় চালু হবে। ঐ দিন থেকে ভিসা ওয়েভার প্রোগ্রাম কর্মসূচীর আওতায় ভ্রমণকারীদের সকল পাসপোর্ট হতে হবে যান্ত্রিকভাবে যাচাইযোগ্য বা ম্যাশিন রিডেবল। ২০০৩ সালের পহেলা অক্টোবর থেকে এটা চালু হওয়ার কথা থাকলেও গত বছর পররাষ্ট্র সচিব ২০০৪ সালের ২৬শে অক্টোবর পর্যন্ত তা স্থগিত করেন। আগামী ২৬শে অক্টোবর থেকে ২২টি দেশের ভ্রমণকারীদের ক্ষেত্রে ভিসা ছাড়া যুক্তরাষ্ট্রে

প্রবেশের সময় ২৬শে অক্টোবর থেকে ম্যাশিন রিডেবল পাসপোর্ট দেখাতে হবে। ৪ টি দেশ নতুন এই নিয়ম চালুর ক্ষেত্রে স্থগিতাদেশের জন্য আহ্বান জানায়নি। আর বেলজিয়াম এক্ষেত্রে আহ্বান জানানোর জন্য যোগ্য নয়।

যুক্তরাষ্ট্রের পাসপোর্টে বায়োমেট্রিক সংযোজন এনহ্যান্সড বর্ডার সিকিউরিটি এন্ড ভিসা এন্ড রিফর্ম অ্যাক্ট-এর আওতাভুক্ত নয় বলে পররাষ্ট্র দফতর যুক্তরাষ্ট্রের বায়োমেট্রিক পাসপোর্ট প্রণয়নে কাজ করে যাচ্ছে। যুক্তরাষ্ট্র বায়োমেট্রিক পদ্ধতিতে পরিচয় সনাক্তকরণের সুবিধাগুলো উপলব্ধ করে এবং আন্তর্জাতিক ভ্রমণ ডকুমেন্টের নিরাপত্তার ব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করবে। ২০০৫ সালের শেষ নাগাদ দেশে তৈরী যুক্তরাষ্ট্রের সকল পাসপোর্ট হবে বায়োমেট্রিক ধরনের।

=====

**জিআর/ ২০০৪**

*দ্রষ্টব্য: এই নিবন্ধের ইংরেজি ভাষা 'অ্যামেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষাটি পেতে আগ্রহী হন, তবে 'অ্যামেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮১৩৪৪০-৪, ফ্যাক্স: ৯৮৮১৬৭৭; ই-মেইল: [dhaka@pa.state.gov](mailto:dhaka@pa.state.gov) এবং Website: <http://www.usembassy-dhaka.org>) যোগাযোগ করুন।*